

এইচএসসি পরীক্ষার তৃতীয় দিন

বাংলা ১ম পত্রের পরীক্ষায় ছয় শতাধিক বহিষ্কার
হবিগঞ্জে ছাত্রের হাতে শিক্ষক প্রহৃত

শিক্ষা বর্ষা পরিবেশক ১ রোববার এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে বাংলা প্রথম পত্র পরীক্ষায় ৬ শতাধিক শিক্ষার্থী এবং ১ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। হবিগঞ্জে ১ অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত এক ছাত্র একজন শিক্ষককে বেদম প্রহার করেছে।

শিক্ষা মন্ত্রণালয়ের কার্ট্রোল রুম সূত্র জানায়, রোববার এইচএসসি পরীক্ষায় ঢাকা বোর্ডে ৬৪ জন, রাজশাহী বোর্ডে ১শ' ৪২ জন, চট্টগ্রাম বোর্ডে ৪১ জন, কুমিল্লা বোর্ডে ৪২ জন, যশোর বোর্ডে ২৬ জন, সিলেট বোর্ডে ৯ জন এবং বরিশাল বোর্ডে ২৮ জন শিক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। এছাড়া আলিম, ফাজিল ও কামিল পরীক্ষায় সারাদেশে ২শ' ২৬ জন এবং কারিগরি বোর্ডের এইচএসসি ব্যবসায় ব্যবস্থাপনা পরীক্ষায় ৬১ জনকে

বহিষ্কার করা হয়েছে। রাজশাহীতে এক শিক্ষককেও বহিষ্কার করা হয়েছে।

হবিগঞ্জ থেকে পাওয়া খবরে জানা গেছে, স্থানীয় সোবহান আলী কলেজ কেন্দ্রে নকল করার কারণে কর্তব্যরত পরিদর্শক মৌলভীবাজার সরকারি কলেজের শিক্ষক মুজিবুর রহমান হুমায়ুন রশীদ (রোল নং- ৩০৬৯৪৪) নামে এক ছাত্রকে বহিষ্কার করেন। এতে ক্ষিপ্ত হয়ে ওই ছাত্র পরীক্ষাকক্ষে কেন্দ্রের বাইরে শিক্ষক মুজিবুর রহমানকে দলবলসহ বেদম প্রহার করে। বর্তমানে তিনি গুরুতর আহত অবস্থায় চিকিৎসাধীন।

অন্যান্য স্থান থেকে সান্ত্বিতপূর্ণ পরীক্ষা অনুষ্ঠানের খবর পাওয়া গেছে।